

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

বিজ্ঞপ্তি

নম্বর : ৮০.১০৮.০১১.১৪.৩৩.০২৯.২০১২- ১২৮

তারিখ : ০৮ জুন, ২০১৭

বিষয় : মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন মেরিন ফিশারিজ একাডেমীর ১ম শ্রেণির (উচ্চতর স্কেল)
'ইন্সট্রাক্টর (মেরিন)' পদের প্রার্থীদের সাক্ষাৎকার গ্রহণ সংক্রান্ত।

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন মেরিন ফিশারিজ একাডেমী এর 'ইন্সট্রাক্টর (মেরিন)' এর ০১ (একটি) শূন্য পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে নিম্নলিখিত তারিখ ও সময় অনুযায়ী বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের প্রধান কার্যালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকাতে মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে :

পদের নাম	প্রার্থীদের রেজিঃ নং	সাক্ষাৎকার গ্রহণের তারিখ ও সময়
ইন্সট্রাক্টর (মেরিন)	০০০০৭৩,০০০০৭৫,০০০০৭৬,০০০০৭৮, ৩০০০১৫, ৩০০০২০,৩০০০৬৭,৪০০০৬৭= ০৮ জন	০৫-০৭-২০১৭ বুধবার সকাল ১০.৩০ ঘটিকায়

২. মৌখিক পরীক্ষার জন্য প্রার্থীদের নিকট কমিশন হতে কোনো আলাদা সাক্ষাৎপত্র প্রেরণ করা হবে না। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ওয়েব সাইট (www.bpsc.gov.bd) থেকে প্রবেশপত্র ডাউনলোড করে সংগ্রহ করতে হবে। প্রবেশপত্র ছাড়া কোন প্রার্থী মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

৩. প্রার্থী চাকুরীরত হলে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সীল স্বাক্ষরিত মূল ছাড়পত্র অবশ্যই মৌখিক পরীক্ষা বোর্ডে জমা দিতে হবে। এছাড়া সকল শিক্ষাগত সনদের মূলকপি, জাতীয় পরিচয়পত্র, মুক্তিযোদ্ধা সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) ও অভিজ্ঞতা সনদসহ অন্যান্য সকল সনদের মূল কপি সাক্ষাৎকার বোর্ডে প্রদর্শন করতে হবে। অন্যথায় সাক্ষাৎকার গ্রহণ করা হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থী মোবাইল ফোন সঙ্গে রাখতে পারবেন না।

৪. মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য প্রার্থীদের মূল আবেদনপত্র (Bpsc ফরম-৩) কমিশনের ওয়েব সাইট হতে ডাউনলোড করে যথাযথভাবে পূরণপূর্বক শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের সত্যায়িত কপি, অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি, মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত কপি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি, চাকুরীরত প্রার্থীদের নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক সীল স্বাক্ষরিত ছাড়পত্রের সত্যায়িত কপিসহ ০১ সেট কাগজপত্র পরীক্ষার দিন সংশ্লিষ্ট সাক্ষাৎকার বোর্ডে জমা দিতে হবে।

৫. মৌখিক পরীক্ষার নির্ধারিত সময়ের অন্তত: আধা ঘন্টা(৩০ মি:) পূর্বে সংশ্লিষ্ট মৌখিক পরীক্ষা বোর্ডে অবশ্যই উপস্থিত হতে হবে।

৬. পরবর্তীতে কোন প্রার্থীর সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোন শর্তের গুরুতর (Substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে তার প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।

৭. বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ওয়েব সাইট : www.bpsc.gov.bd থেকে এ বিজ্ঞপ্তিটি এবং প্রার্থীদের যোগ্য-অযোগ্য রেজি: নম্বরের তালিকা পাওয়া যাবে।

* পড়াশুনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশ গ্রহণ করুন।

* চাকরীর ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

(৯৭
০৬.০৬.২০১৭)

(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)